

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০১

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পূর্বে বর্ণিত রমল করেছেন তার বিবরণ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا رَمَلَ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا وَصَفَنَا

আরবী

3801 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفيَانَ الشَّيْبَانِيُّ قَالَ: حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ النَّرْسِيُّ  
قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمَانَ عَنْ أَبْنِ خُثْبَيْمٍ قَالَ: سَأَلْتُ أَبَا الطُّفَيْلِ فَقُلْتُ: الْأَطْرَافُ الْثَّلَاثَةُ  
الَّتِي تُسندُ بِالْكَعْبَةِ؟ قَالَ أَبُو الطُّفَيْلِ: سَأَلْتُ أَبْنَ عَبَّاسٍ عَنْهَا؟ فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ  
صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا نَزَلَ مِنَ الظَّهَرَانِ فِي صُلْحٍ قَرِيشٍ بَلَغَ أَصْحَابَ رَسُولِ اللَّهِ  
صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ قَرِيشًا كَانَتْ تَقُولُ: تُبَايِعُونَ ضُعَفَاءَ قَالَ أَصْحَابُهُ: يَا رَسُولَ  
اللَّهِ لَوْ أَكْلَنَا مِنْ ظَهْرِنَا فَأَكْلَنَا مِنْ شُحُومِهَا وَحَسَوْنَا مِنَ الْمَرَقِ فَأَصْبَحَنَا غَدَّاً حَتَّى  
نَدْخُلَ عَلَى الْقَوْمِ وَبِنَا جِمَامٌ؛ قَالَ: (لَا وَلَكِنِ ائْتُونِي بِفَضْلِ أَزْوَادِكُمْ) فَبَسَطُوا أَنْطَاعَهُمْ  
ثُمَّ جَمَعُوا عَلَيْهَا مِنْ أَطْعَمَاتِهِمْ كُلَّهَا فَدَعَا لَهُمْ فِيهَا بِالْبَرَكَةِ فَأَكَلُوا حَتَّى تَضَلُّوا شِبَاعًا  
فَأَكْفَتُوا فِي جُرَبِهِمْ فُضُولُ مَا فَضَلَ مِنْهَا فَلَمَّا دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ  
عَلَى قَرِيشٍ وَاجْتَمَعَتْ قَرِيشٌ نَحْوَ الْحِجْرِ اضْطَبَعَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ  
قَالَ النَّبِيُّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَصْحَابِهِ: (لَا يَرَى الْقَوْمُ فِيكُمْ غَمِيزَةً) وَاسْتَلَمَ الرُّكْنَ  
الْيَمَانِيَّ وَتَغَيَّبَتْ قَرِيشٌ مَشَى هُوَ وَأَصْحَابُهُ حَتَّى اسْتَلَمُوا الرُّكْنَ الْأَسْوَدَ فَطَافَ ثَلَاثَةَ  
أَطْوَافٍ فَلِذِلِكَ تَقُولُ قَرِيشٌ - وَهُمْ يَمْرُونَ بِهِمْ يَرْمُلُونَ - : لَكَانُوهُمُ الْغِزَّلَانُ قَالَ أَبْنُ عَبَّاسٍ:  
وَكَانَتْ سُنَّةً

صحيح - ((صحیح أبي داود)) (1650) ، ((الصحيحة)) (2573).

বাংলা

৩৮০১. ইবনু খুসাইম থেকে বর্ণিত, তিনি বলেন, ‘আমি আবুত তুফাইলকে কাবার সাথে সংযুক্ত তিনটি কোণ

সম্পর্কে জিজ্ঞেস করি। আবুত তুফাইল রহিমাহল্লাহ বলেন, “আমি এই ব্যাপারে ইবনু আববাস রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করলে তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরাইশদের সাথে সন্ধির সময়ে যখন মাররুয যাহরান নামক জায়গায যাত্রা বিরতি দেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণের কাছে সংবাদ পৌঁছলো যে, কুরাইশরা বলছে, “তোমরা দুর্বল লোকদের সাথে সন্ধি করেছো।”

তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যদি আমরা আমাদের বাহনকে জবাই করতাম, তবে আমরা সেগুলোর চর্বি খেতে পারতাম এবং সেগুলোর ঝোল পান করতে পারতাম। অতঃপর কাল ভোরে আমরা কুরাইশ সম্প্রদায়ের কাছে শক্তিশালী অবস্থায যেতে পারবো।” জবাবে তিনি বলেন, “না, তোমরা বরং তোমাদের অবশিষ্ট পাথেয় নিয়ে আসো।” অতঃপর তারা তাদের দস্তরখান বিছিয়ে দেন, তারপর তারা তাদের সমস্ত খাদ্য সামগ্ৰী একত্ৰিত করেন। তারপর তিনি তাদের জন্য তাতে বৱকতের দু'আ করেন। তারপর তারা তৃষ্ণি সহকারে খাবার গ্ৰহণ করেন। তারপর তারা অবশিষ্ট খাবার তাদের পাত্ৰে ঢেলে নেন। অতঃপর যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরাইশদের কাছে গমন করেন, আর কুরাইশরা হাজৰে আসওয়াদের দিকে একত্ৰিত হয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাদৰ ইবতেবা’ (চাদৰকে ডান বগলের নিচে নিয়ে দুই প্রান্তকে পিঠ ও বুকের উপর দিয়ে বাম কাঁধের উপর রাখা) করে পরিধান করেন। তারপর নাৰী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদের উদ্দেশ্যে বলেন, “এই সম্প্রদায়ের লোকেরা তোমাদের মাঝে যেন দুর্বলতা দেখতে না পায়।” অতঃপর তিনি রূকনে ইয়ামানী স্পৰ্শ করেন। অতঃপর কুরাইশরা অদৃশ্য হয়ে গেলে তিনি এবং সাহাবীগণ স্বাভাবিকভাৱে হাঁটেন। অতঃপর তারা হাজৰে আসওয়াদের রূকন চুম্বন করেন। এভাবে তিন চক্র দেন। এজন্য কুরাইশরা মুসলিমদের রমল করে হাঁটা অবস্থায তাদের পাশ দিয়ে অতিক্রম কৱার সময় বলে, “যেন তারা হৱিণ (এৰ মতো লাফিয়ে চলছে)।”

ইবনু আববাস রাদিয়াল্লাহু আনহু বলেন, “অতঃপর এটি সুন্নাত হয়ে যায়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩০৫; আবু দাউদ: ১৮৮৯; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৭০৭; সুনান বাইহাকী: ৫/৭৯।

হাদিসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদিসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93140>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন